সংবাদ

তারিখ ...25/6/83...
পৃষ্ঠা ... ...11... কলাম ...5...

# প্রাথমিক শিক্ষা সম্প্রসারণে ব্যাপক কর্মসূচী নেয়া হচ্ছে ঃ মজিদ খান

শিক্ষামন্ত্রী আবদুল মজিদ খান বলেছেন, জনগণের অর্থনৈতিক মুক্তি ও দ্রুত সমাজ পরিবর্তনের উদ্দেশ্যে সরকার প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য এক ব্যাপক কর্মসূচী গ্রহণ করতে যাচ্ছেন।

তিনি জানান যে, পঞ্চম শ্রেণী পর্যায়ে বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা আনুমানিক ৭ লাখ ৫০ হাজারকে বাড়িয়ে ১৯৮৭ সাল নাগাদ ১২ লাখ ৫০ হাজারে উন্নীত করা হবে।

সরকারী কর্মসূচী সম্পর্কে বলতে গিয়ে মন্ত্রী জানান যে, সরকার দেশের ৪৩ হাজার প্রাথমিক বিদ্যালয়ের বৈষয়িক সুযোগ-সুবিধা সম্প্রসারণের কর্মসূচী নিয়েছেন।

এই কর্মসূচী বাস্তবায়নের জন্য ৪৯ কোটি ৫৯ লাখ টাকা ব্যয় হবে। এই কর্মসূচীর অধীনে পরীক্ষামূলকভাবে ইউনিফর্ম ও পাঠ্য বই সরবরাহ করা হবে। এ ছাড়া থাকবে কাঠামোগত উন্নয়ন, আসবাবপত্র ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করা।

তিনি জানান যে, প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণের মেয়াদকাল বর্তমানে ৯ মাস থেকে বাড়িয়ে ২ বছর করা হবে।

007